



পিসির ঝুটঝামেলা

ট্রাবলশুটার টিম

সমস্যা : আমি একটি ল্যাপটপ কিনতে চাই। আমার বাজেট পঞ্চাশ হাজার টাকা। এই বাজেটে কোন ব্র্যান্ডের ল্যাপটপ কেনা যায়, সে ব্যাপারে পরামর্শ দিলে উপকৃত হব।

-সুমন সরকার

সমাধান : বাজেট পঞ্চাশ হাজার হলে আপনার জন্য ইন্টেল কোরআই 7 সিরিজের প্রসেসরযুক্ত ল্যাপটপ কেনাটা ভালো হবে। এই বাজেটে বেশ কয়েকটি ব্র্যান্ডের ভালো মডেলের কিছু ল্যাপটপ পাবেন। একেকটি মডেলে রয়েছে একেক ধরনের বাড়তি সুবিধা। আপনার যে সুবিধাটি দরকার সে অনুযায়ী ল্যাপটপ বাছাই করতে পারেন। যদি ব্যাটারি ব্যাকআপ বা টাচস্ক্রিন আপনার কাছে মুখ্য হয়ে থাকে, তবে নিতে পারেন এসার ব্র্যান্ডের এসার অ্যাল্পায়ার ডিও-৪৭২পি। ওয়ারেন্টর ব্যাপারে যদি এগিয়ে থাকতে চান, তবে নিতে পারেন আসুসের কে৫৫৫এলএ বা কে৪৫১এলএ। আসুসের ল্যাপটপে পারেন দুই বছরের ওয়ারেন্ট। যদি ল্যাপটপে ভালোমানের ডেডিকেটড গ্রাফিক্স কার্ড চান, তবে বাজেট ৪-৫ হাজার টাকা বাড়ানো পেতে পারেন মেটাল বডিতে আসুস কে৪৫৫এলএন বা কে৫৫৫এলএন। এ ল্যাপটপ দুটির সাথে রয়েছে ২ গিগাবাইট মেমরির এনভিডিয়া জিফোর্স জিটি ৮৪০ গ্রাফিক্স কার্ড ও ৮ গিগাবাইট র্যাম। ডেল ব্র্যান্ড

পছন্দের তালিকায় থাকলে নিতে পারেন মনোরম ডিজাইনের ডেল ইস্পায়রন এনওএ৪৩ বা এনওএ৫৩। ডেলের ল্যাপটপ মডেল দুটির সুবিধা হচ্ছে— এতে রয়েছে ফিফথ জেনারেশনের কোরআই 5 প্রসেসর এবং অসুবিধা হচ্ছে এতে কোনো অপটিক্যাল ডিস্ক ড্রাইভ নেই। আপনার বাজেটের মধ্যে এইচপি প্যাভিলিয়ন ও থ্রোবুক সিরিজের বেশ কয়েকটি মডেল রয়েছে। এই বাজেটের মধ্যে তোশিবা, লেনোভো, গিগাবাইট, এমএসআই ইত্যাদি বেশ কয়েকটি ব্র্যান্ডের ভালো ল্যাপটপ রয়েছে। আপনার যে ফিচার বেশি দরকার তা পূরণ করে সেসব ল্যাপটপের তালিকা করে তার মধ্যে যোটির ডিজাইন ও কালার আপনার পছন্দ হয় তা কিনে নিন।

সমস্যা : আমি একটি মিড লেভেলের গেমিং পিসি কনফিগার করতে চাই। পিসির জন্য আমার বানানো কনফিগারেশনটি হচ্ছে— ইন্টেল কোরআই 5 ৪৫৯০ প্রসেসর, অসুস বিষ্ণু এম মাদারবোর্ড, স্যাফায়ার আর 7 ২৬৫ গ্রাফিক্স কার্ড, এডাটা ২ বাই ৪ গিগাবাইট ডিডিআর 3 ১৬০০ বাসলিঙ্গড র্যাম, গিগাবাইট ৫৮০ ওয়াট পাওয়ার সাপ্লাই ইউনিট, ওয়েস্টার্ন ডিজিটাল ১ টেরাবাইট হার্ডডিস্ক ও এলজি ২২ ইঞ্চি মনিটর। এই কনফিগারেশনের কোনো পার্টস ডাউনগ্রেড করে খরচ কিছুটা কমানো যাবে কি?

-রায়ান হাসান

সমাধান : গেমিং পিসিটি কনফিগার করার জন্য

আপনার বাজেট কত তা আপনি উল্লেখ করেননি। তাই সঠিক পরামর্শ দেয়া সম্ভব হচ্ছে না। এই কনফিগারেশনের মধ্যে সবকিছুই মোটামুটি ঠিক আছে। প্রসেসর বেশ ভালো, কিন্তু সেই ভুলমায় মাদারবোর্ড ও গ্রাফিক্স কার্ড একটু পিছিয়ে আছে। র্যামের পরিমাণ বাড়িয়ে ২ বাই ৮ গিগাবাইটের করতে পারলে আরও ভালো পারফরম্যান্স পাবেন। তাই ২ বাই ৪ না কিনে সিঙ্গেল স্লটের ৮ গিগাবাইট কিনে নিতে পারেন। যদি পরে কখনও আপগ্রেড করার ইচ্ছ হয়, তবে আরেকটি ৮ গিগাবাইট র্যাম কিনে ডুয়াল চ্যামেল করে নিতে পারবেন। মাদারবোর্ড যোটি সিলেক্ট করছেন তা মিডিয়াম বা লো সিরিজেরই বলা চলে। সম্ভব হলে আরও ভালো চিপসেটের মাদারবোর্ড কেনার চেষ্টা করুন। মাদারবোর্ডের চিপসেট যত ভালো হবে, তা তত ভালোভাবে অন্যান্য ডিভাইসের সাথে যোগাযোগ করতে বা তথ্য দেয়া-নেয়া করতে পারবে। গেম খেলার জন্য ভালো মানের গ্রাফিক্স কার্ড কেনা আবশ্যিক। এ ক্ষেত্রে এএমডি আর 7 সিরিজের বদলে আর 9 সিরিজের গ্রাফিক্স কার্ড কিনলে ভালো হবে। গ্রাফিক্স কার্ড কেনার বাজেট ৩-৫ হাজার টাকা বাড়িয়ে নিয়ে আর ৯ ২৭০ বা আর ৯ ২৭০এক্স কিনে নিলে সব ধরনের গেম খেলতে পারবেন **ক্ষেত্রে**

ফিডব্যাক : jhutjhamela24@gmail.com